

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩২০৫

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আহযাব

بَابُ: وَمِنْ سُورَةِ الْأَحْزَابِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ بْنِ الْأَصْبَهَانِيِّ، عَنْ يَحْيَى بْنِ عُبَيْدٍ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رِيَّاحٍ، عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ، رَيْبِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : (إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا) فِي بَيْتِ أُمِّ سَلَمَةَ فَدَعَا فَاطِمَةَ وَحَسَنًا وَحُسَيْنًا فَجَلَّلَهُمْ بِكِسَاءٍ وَعَلِيٌّ خَلْفَ ظَهْرِهِ فَجَلَّلَهُمْ بِكِسَاءٍ ثُمَّ قَالَ " اللَّهُمَّ هَؤُلَاءِ أَهْلُ بَيْتِي فَأَذْهِبْ عَنْهُمْ الرِّجْسَ وَطَهِّرْهُمْ تَطْهِيرًا " . قَالَتْ أُمُّ سَلَمَةَ وَأَنَا مَعَهُمْ يَا نَبِيَّ اللَّهِ قَالَ " أَنْتِ عَلَى مَكَانِكَ وَأَنْتِ عَلَى خَيْرٍ " . قَالَ هَذَا حَدِيثٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ حَدِيثِ عَطَاءٍ عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ .

বাংলা

৩২০৫. কুতায়বা (রহঃ) উমর ইবন আবী সালামা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা-এর ঘরে অবস্থান কালে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এই আয়াতটি নাযিল হলঃ (إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا) তখন তিনি ফাতিমা এবং হাসান ও হুসায়ন রাদিয়াল্লাহু আনহুম-কে ডেকে আনলেন এবং একটি চাদরে তাদের আবৃত করলেন। আলী রাদিয়াল্লাহু আনহু ছিলেন তাঁর পিঠের পেছনে তাঁকে চাদরটি দিয়ে তিনি ঢেকে ফেললেন। এরপর বললেনঃ হে আল্লাহ্! এরা আমার আহলে বায়ত, পরিবার-পরিজন। তাদের থেকে আপনি অপবিত্রতা বিদূরিত করে দিন এবং তাদের পরিপূর্ণভাবে পবিত্র করে দিন। উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা বললেনঃ হে আল্লাহর নবী! আমিও এদের সঙ্গে আছি? তিনি বললেনঃ তুমি তো তোমার স্থানে আছই। তুমি তো কল্যাণের মাঝেই রয়েছো।

সহীহ, রাওয়ুন নাযীর ৯৭৬, ১১৯০, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২০৫ [আল মাদানী প্রকাশনী]

আতা-উমর ইবন আবী সালামা রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত হাদীস হিসাবে এই হাদীসটি গারীব।

English

Narrated 'Umar bin Abi Salamah - the step-son of the Prophet (ﷺ):

"When these Ayat were revealed to the Prophet (ﷺ): 'Allah only wishes to remove the Rijs from you, O members of the family, and to purify you with a thorough purification (33:33)' in the home of Umm Salamah, he called for Fatimah, Hasan, Husain, and wrapped him in the cloak, and 'Ali was behind him, so he wrapped him in the cloak, then he said: 'O Allah! These are the people of my house, so remove the Rijs from them, and purify them with a thorough purification.' So Umm Salamah said: 'And I, Prophet of Allah?' He said: 'You are in your place (meaning you are already a member of my household), and you are goodness.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উমর ইবনু আবু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38557>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন